

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

হিসাব ও অর্থ বিভাগ

১৬, আব্দুল গণি রোড, ঢাকা

web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০১০.২০-১১৮-

তারিখ: ০৩/০৯/২০২০ খ্রি:

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের ১৪৮০২০১-প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় গম ক্রয় খাতে অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে ১৪৮-খাদ্য মন্ত্রণালয় এর অধীন-১৪৮০২০১ প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অভ্যন্তরীণভাবে সংগৃহীত গম এর মূল্য পরিশোধের লক্ষ্যে অপারেশন কোড নং-১২০০০২৬০৫ এর অর্থনৈতিক কোড নং-৪১২৪১০২-গম ক্রয় খাতে নিম্নোক্ত জেলা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহের নামের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২০-২০২১ অর্থ বছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। যেহেতু নিম্নবর্ণিত ছকে বর্ণিত জেলার উপজেলা হতে গম ক্রয় খাতে ২০১৯-২০ অর্থ বছরের বকেয়া অর্থ বরাদ্দ চাওয়া হয়েছে। এক্ষণে বর্তমানে ২০২০-২১ অর্থ বছরের অভ্যন্তরীণ গম ক্রয় খাত হতে ৪নং কলামে উল্লিখিত পরিমাণ অর্থ বিগত ২০১৯-২০ অর্থ বছরের অভ্যন্তরীণ গম ক্রয় খাতের ব্যয় নির্বাহের জন্য বরাদ্দ প্রদান করা হলো।

ক্র: নং	জেলার নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	২	৩	৮
১	টাঙ্গাইল	ঘাটাইল	১০,৩৬,০০০ (দশ লাখ ছত্রিশ হাজার) টাকা
২		ভুগ্রাপুর	১১,৪৮,০০০ (এগুর লাখ আটচল্লিশ হাজার) টাকা
সর্বমোট			২১,৮৪,০০০ (একুশ লাখ চুরাশি হাজার) টাকা

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল।

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলী /নিয়মাবলী পালন করতে হবে।

- (ক) এই ব্যয় মঞ্জুরী ২০২০-২১ অর্থ বছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।
- (খ) এই অর্থ সরকারী প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।
- (গ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে এই আদেশ জারী করা হল।
- (ঘ) নির্ধারিত খাত ব্যাতীত অন্য কোন খাতে এই অর্থ ব্যয় করা যাবে না।
- (ঙ) কোন ভাবেই মঞ্জুরীর অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না।

বিঃ দ্রঃ: বরাদ্দপত্রটির হার্ডকপি প্রেরণ করা হয়নি। কাজেই পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে দাপ্তরিক কাজ পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

৩৪ঃ—

(মো: মাহমুদ হাসান)

পরিচালক

ফোন: ৯৫৫৬৩০৬

email:daf@dgfood.gov.bd

তারিখ: ০৩/০৯/২০২০ খ্রি:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০১০.২০-১১৮/২ (২২)

সদয় জাতার্থে/জাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট খাদ্য ভবন, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, টাঙ্গাইল। অবগতি ও ভবিষ্যতে গম ক্রয় খাতে এক অর্থ বছরের চাহিদা অন্য অর্থ বছরে প্রেরণ করা হলে বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে না। তাছাড়া এ বিষয়ে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘাটাইল/ভুগ্রাপুর, টাঙ্গাইল। অবগতি ও ভবিষ্যতে গম ক্রয় খাতে এক অর্থ বছরের চাহিদা অন্য অর্থ বছরে প্রেরণ করা হলে বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে না। তাছাড়া এ বিষয়ে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঘাটাইল/ভুগ্রাপুর, টাঙ্গাইল।
- ৮। অফিস কপি।

মুজুম্বুল
০২/৯/২০২০

১০/৯/২০২০

(কে, এম, মনিরুজ্জামান)

উপপরিচালক

হিসাব ও অর্থ বিভাগ

১০/৯/২০২০
৮